

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
জিএফআরডি শাখা



“শেরপুর (আখেরবাজার)-লঞ্জরপাড়া-শ্রীবর্দী (মামদামারী) সড়ক প্রশস্তকরণ ও মজবুতিকরণ” শীর্ষক চলমান উন্নয়ন প্রকল্পের ওপর অনুষ্ঠিত প্রকল্প স্টিয়ারিং কমিটি’র (পিএসসি) সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ নজরুল ইসলাম সচিব
সভার তারিখ	০১ জুন ২০২০ খ্রিস্টাব্দ
সভার সময়	সকাল ১০.০০ ঘটিকা
স্থান	কক্ষ নং-৮২১, ভবন নং-৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
উপস্থিতি	পরিশিষ্ট-ক

### ১। উপস্থাপনাঃ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মপ্রধান বলেন যে, “শেরপুর (আখেরবাজার)-লঞ্জরপাড়া-শ্রীবর্দী (মামদামারী) সড়ক প্রশস্তকরণ ও মজবুতিকরণ” শীর্ষক প্রকল্পটি মোট ৮২৩৪.১৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এবং ০১-০৭-২০১৭ থেকে ৩০-০৬-২০১৯ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে গত ২৮-১১-২০১৭ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পটির ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে এর মেয়াদকাল ০১-০৭-২০১৭ থেকে ৩০-০৬-২০২০ পর্যন্ত বৃদ্ধি করা হয়। প্রকল্পটির ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ০২ বছর অর্থাৎ ০১-০৭-২০১৭ থেকে ৩০-০৬-২০২২ পর্যন্ত বৃদ্ধির প্রস্তাব আইএমএডি ও পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদিত হয়েছে। ফেব্রুয়ারি, ২০২০ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় ৫৭২৬.০০ লক্ষ টাকা এবং আর্থিক অগ্রগতি ৬৯.৫৫%।

১.১) সভায় জানানো হয়, প্রকল্পটির মাধ্যমে ৯.৭১ হেক্টর ভূমি অধিগ্রহণ, ১৪.০০ কিমি ফ্লেক্সিবল সড়ক প্রশস্তকরণ, বিদ্যমান ফ্লেক্সিবল সড়ক মজবুতিকরণ, ০.৩০ কিমি রিজিড সড়ক প্রশস্তকরণ ও নির্মাণ, বাজার ও বিভিন্ন অংশে ২১৮৫.০০মি সসার ড্রেন নির্মাণ, একটি বেইলী সেতু ও একটি সরু সেতুকে ২টি পিসি গার্ডার সেতু দ্বারা প্রতিস্থাপন; ৪৩.০০ মি আরসিসি বক্স কালভার্ট (২১টি) এবং ৫৮৭০.০০ মি আরসিসি প্যালাসাইডিং নির্মাণ করা হবে। প্রকল্প পরিচালক বলেন, প্রকল্পের আওতায় ৩টি প্যাকেজের মধ্যে ২টির কাজ সম্পন্ন হয়েছে। ১নং প্যাকেজ wp-1 চে.ই. ০+০০০ হতে ৭+০০০ পর্যন্ত পেভমেন্ট প্রশস্তকরণ, মজবুতিকরণ, আরসিসি বক্স কালভার্ট নির্মাণ, রক্ষাপ্রদ কাজ, সাইন সিগন্যাল, কি.মি. পোস্ট, মাটির কাজ এর আওতায় ৯৪ মি. ও ৬৪ মি. দৈর্ঘ্যবিশিষ্ট দুটি সেতু নির্মাণ করা হবে। উক্ত সেতু নির্মাণের জন্য ৯.৭১ হেক্টর ভূমি অধিগ্রহণ করার নিমিত্ত ১০-০৪-২০১৮ তারিখে জেলা প্রশাসন বরাবর ভূমি অধিগ্রহণের জন্য প্রস্তাব প্রেরণ করা হলেও অদ্যাবধি ভূমি অধিগ্রহণ চূড়ান্ত হয়নি। তাই দুটি ব্রিজ নির্মাণ, ভূমি অধিগ্রহণের জন্য প্রকল্পটি সংশোধন করা প্রয়োজন। প্রকল্পটি সংশোধন হলে অতিরিক্ত ২০৯.৮৩ লক্ষ টাকা ব্যয় বৃদ্ধি পাবে। সভাপতি প্রকল্পটির ভূমি অধিগ্রহণে বিলম্বের কারণ জানতে চাইলে প্রকল্প কর্তৃপক্ষ বলেন, বারংবার তাগাদা সত্ত্বেও জেলা প্রশাসন কর্তৃক ভূমি

অধিগ্রহণে বিলম্বে হয়েছে। সভাপতি বলেন, ভূমি অধিগ্রহণে অহেতুক বিলম্বের কারণ খতিয়ে দেখা প্রয়োজন। বিলম্বের কারণ উদঘাটনে একটি কমিটি করে প্রতিবেদন উপস্থাপনের জন্য তিনি সভায় নির্দেশনা প্রদান করেন। প্রকল্পটির সার্বিক বিষয়ের উপর বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনায় এ বিভাগ, সড়ক ও জনপথ অধিদপ্তর, পরিকল্পনা কমিশন, অর্থ বিভাগ ও আইএমইডির প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন।

২। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

২.১) প্রকল্পের আওতায় নির্ধারিত ৯.৭১ হেক্টর ভূমি অধিগ্রহণে অহেতুক বিলম্বের কারণ উদঘাটনের বিষয়ে এ বিভাগের নেতৃত্বে সড়ক ও জনপথ অধিদপ্তরের প্রতিনিধি সমন্বয়ে একটি কমিটি করে শীঘ্রই প্রতিবেদন দাখিল করতে হবে। উক্ত প্রতিবেদনের উপর ভিত্তি করে প্রকল্প সংশোধনসহ পরবর্তী কার্যক্রম গ্রহণ করা যেতে পারে;

২.২) প্রকল্পের অন্যান্য কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।

৩। সভায় অন্য কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ নজরুল ইসলাম  
সচিব

স্মারক নম্বর: ৩৫.০০.০০০০.০৩৬.১৪.০৪৮.১৬.

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪২৭

০৭ জুন ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
- ৩) প্রধান, ভৌত অবকাঠামো বিভাগ (প্রধান)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
- ৪) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
- ৫) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
- ৬) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
- ৭) প্রধান (সংযুক্ত), এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ
- ৮) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর, সড়ক ও জনপথ অধিদপ্তর
- ৯) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ১০) যুগ্ম প্রধান, পরিকল্পনা অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ১১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং, সড়ক ও জনপথ অধিদপ্তর
- ১২) প্রকল্প পরিচালক, এবং অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, ময়মনসিংহ জোন, ময়মনসিংহ
- ১৩) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, টেকনিক্যাল সার্ভিসেস উইং, সড়ক ও জনপথ অধিদপ্তর
- ১৪) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ব্রীজ ম্যানেজমেন্ট উইং, সড়ক ও জনপথ অধিদপ্তর

- ১৫) উপ প্রধান, সওজ জিওবি, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ১৬) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্লানিং এন্ড প্রোগ্রামিং সার্কেল, সড়ক ও জনপথ অধিদপ্তর
- ১৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি ইউনিট (সিনিয়র সিস্টেম এনালিস্ট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ১৮) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর,, জামালপুর সড়ক সার্কেল, জামালপুর
- ১৯) সিনিয়র সহকারী প্রধান, জিএফআরডি শাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ২০) নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, শেরপুর সড়ক বিভাগ, শেরপুর
- ২১) সিনিয়র সহকারী প্রধান, প্রকল্প সমন্বয় শাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ



এ এম এম রিজওয়ানুল হক  
সিনিয়র সহকারী প্রধান